# ঠাকুরগাঁও সদর উপজেলা পরিষদের মে/২০২৫ সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ খাইরুল ইসলাম
প্রশাসক
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ : ২৯/০৫/২০২৫ খ্রিঃ।

সময় : সকাল ১১-০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে আহ্বান জানানো হলে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন

উপজেলা নির্বাহী অফিসার গত ২৮/০৪/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীর কোন সংযোজন বিয়োজন না থাকায় তা অনুমোদন ও দৃঢ় করা হয়।

২। বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার আহ্বান জানালে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(ক) ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার জানান, জাতীয় তথ্য বাতায়ন পৃথিবীর বৃহত্তম তথ্য বাতায়ন। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে দেশের সকল সরকারী/আধা-সরকারী দপ্তরের তথ্য সহযোগে নির্মিত জাতীয় তথ্য বাতায়ন হাল-নাগাদ রাখার লক্ষ্যে এ উপজেলার ওয়েব পোর্টাল আপডেট রাখতে হবে। সকল ইউপি চেয়ারম্যান, সদস্যদের তথ্য ওয়েব পোর্টালে আপ-লোড করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। বদলীজনিত কারণে নব যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারী সম্পর্কে হাল-নাগাদ তথ্য তাৎক্ষনিকভাবে ওয়েব পোর্টালে সন্নিবেশ করতে হবে। এ লক্ষ্যে thakurgaonsadar. thakurgaon.gov.bd ঠিকানায় ভিজিট করে হাল নাগাদ তথ্য আপলোড করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>(খ) শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন: প্রতিটি অফিস আদালতে শুদ্ধ আচরণ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সকল সরকারী কর্মকর্তা/জনপ্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষন করেন।<br>(গ) ইনোভেশন সংক্রান্ত আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার জানান, স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদান করতে হবে। তিনি আরো জানান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার নিয়োগ এবং এডহক কমিটিতে অভিভাবক সদস্য মনোনয়নের কার্যক্রমে অন-লাইন চালু করা হয়েছে। এতে করে উক্ত সেবা গ্রহীতাগনকে এখন সেবাটি পাওয়ার জন্য দেরী করতে হয় না। অফিসে আসা লাগে না এবং সেবাটি পেতে কোন অর্থ খরচ করতে হচ্ছে না। অন্যান্য কর্মকর্তাগণকে তিনি নিজ নিজ চিন্তা-চেতনার মাধ্যমে দাপ্তরিক কার্যক্রমে গতি আনয়নের লক্ষ্যে নিত্য-নতুন কৌশল উদ্ভাবন করতে পরামর্শ প্রদান করা হয়। | ১. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে হবে।<br>৩. স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে ইনোভেশন কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকল |
| ০২ | স্বাস্থ্য ও প.প. বিভাগ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় জানান যে, জগন্নাথপুর ইউনিয়নের চন্ডিগ্রামে একটি উপ-স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। উপ-স্বাস্থ্য কেন্দ্রের একপার্শ্বে সীমানা প্রাচীর রয়েছে কিন্তু জমির পরিমানের সমস্যার কারণে চর্তুদিকে সীমানা প্রাচীর করা সম্ভব হচ্ছে না। ইতোমধ্যে উক্ত উপ-স্বাস্থ্য কেন্দ্রের জমির সমস্যা সমাধানের জন্য জগন্নাথপুর ইউপি চেয়ারম্যানকে পত্র প্রদান করা হয়েছে। তিনি জানান বর্তমানে ৫.০০শতাংশ জমির মধ্যে একাংশে ৩.০০ শতাংশ জমিতে সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। স্বাস্থ্য ও প:প: বিভাগের আলোচনাকালে চেয়ারম্যান সালন্দর ইউপি জানান যে, সালন্দর চৌধুরীহাট ইউনিয়ন পরিবার পরিকল্পনা কল্যাণ কেন্দ্র রয়েছে। এই পরিবার পরিকল্পনা কল্যাণ কেন্দ্রের সামনে অবৈধভাবে কিছু দোকান নির্মিত হয়েছে। উক্ত দোকানের মালিককে দোকান সরিয়ে নেয়ার জন্য বলা হলে তারা জানিয়েছে যে, দোকানের জায়গা তাদের মালিকানা জমি। পরবর্তীতে কাগজপত্রাটি যাচাইঅন্তে দেখা যায় যে, জায়গাটি মালিকা নয় খাস জমি। উক্ত পরিবার পরিকল্পনা অফিসে কর্মরত একজন কর্মচারী জানান যে, অবৈধভাবে নির্মিত | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২। জগন্নাথপুর ইউনিয়নের চান্ডিপুর স্বাস্থ্য উপ-কেন্দ্রের জমির সংক্রান্ত সমস্যা জরুরী ভিত্তিতে সমাধান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার ও চেয়ারম্যান, জগন্নাথপুর ইউপি। |

| | | | |
|---|---|---|---|
| | দোকানগুলো অল্প কিছুদিনের মধ্যে উচ্ছেদ করা হবে কিন্তু এখন পর্যন্ত উচ্ছেদ করা হয় না। ফলে ইউনিয়ন পরিবার পরিকল্পনা কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর করা সম্ভব হচ্ছে না। তাই তিনি জরুরী ভিত্তিতে অবৈধভাবে নির্মিত দোকানঘরগুলো উচ্ছেদ করার প্রস্তাব করেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি আরও জানান যে, রুহিয়া উপ-স্বাস্থ্য কেন্দ্রের সামনে যত্রতত্র মলমূত্র ত্যাগ বিষয়ে ইতোমধ্যে বিভিন্ন পত্রিকায় খবর প্রকাশিত হয়েছে। তিনি উপ-স্থাস্থ্য কেন্দ্রের সামনে যত্রতত্র মলমূত্র ত্যাগ বন্ধের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান অনুরোধ জানান। রুহিয়া ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, ইতোপূর্বে ইউনিয়ন পরিষদ এবং স্থানীয় ব্যক্তিবর্গসহ সকলে সম্মিলিতভাবে মলমূত্র ত্যাগ বন্ধ করা হয়েছিল এবং সেই জায়গায় তালাবদ্ধ করা হয়েছিল কিন্তু কিছু দুষ্কৃতিকারী লোক উক্ত তালাবদ্ধ স্থানে মানুষের মল লাগিয়ে দিয়েছে। তিনি উক্ত স্থানে একটি সিসি ক্যামেরা স্থাপনা করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে সভাপতি সাহেব জানান যে, আপনার ইউনিয়ন পরিষদ হতে বাংলাবাজারে সিসিটিভির একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সেখানে থেকে একটি সিসি ক্যামেরা রুহিয়া স্বাস্থ্য-উপকেন্দ্র স্থাপন করার নির্দেশনা প্রদান করেন। তিনি আরও জানান যে, স্বাস্থ্য উপ-কেন্দ্রের অভ্যন্তরে যেন জনগণ ময়লা আর্বজনা না ফেলে সেজন্য একজন কেয়ারটেকার নিয়োগ করা প্রয়োজন। সেই সাথে পুলিশি টহল বাড়ানোর জন্য অনুরোধ জানান। চেয়ারম্যান, রুহিয়া ইউপি আরও জানান যে, রুহিয়া চৌরাস্তা এলাকায় কোন গণসৌচাগার নাই। গণসৌচাগার না থাকার কারণে চৌরাস্তায় আগত লোকজন উপ-স্বাস্থ্য কেন্দ্রটির ফাঁকা জায়গায় মলমূত্র ত্যাগ করছেন। তিনি রুহিয়া স্বাস্থ্য-উপকেন্দ্রের অভ্যন্তরে একটি গণসৌচাগার স্থাপন করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে রুহিয়া স্বাস্থ্য-কেন্দ্রের অভ্যন্তরে জায়গা নির্ধারণ পূর্বক একটি গণসৌচাগার নির্মাণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়। | | |
| ০৩ | **উপজেলা প্রকৌশল দপ্তর:**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২৬টি কাজের টেন্ডার আহ্বান করা হয়। এই ২৬টি কাজের মধ্যে ১৫টি কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে অবশিষ্ট ১১টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৫০%। অবশিষ্ট কাজ আগামী ১০জুন ২০২৫ তারিখের মধ্যে সমাপ্ত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও জানান যে, অত্র উপজেলার ০৫টি ইউনিয়ন ভূমি অফিসের ভবন নির্মাণের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে এবং ইতোমধ্যে ঠিকাদার নির্ধারণ করা হয়েছে। আশা করা যাচ্ছে অল্প কিছু দিনের মধ্যে ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজ আরম্ভ হবে। তিনি আরও জানান ইতোমধ্যে নতুন করে ৭০০.০০ কিলোমিটার রাস্তা নির্মাণের জন্য একটি প্রকল্প প্রস্তাব ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে একনেকের সভায় উক্ত প্রকল্প নিয়ে আলোচনা হয়েছে। আশা করা যাচ্ছে একনেকের অনুমোদন প্রাপ্তির সাথে সাথে রাস্তা নির্মাণের কাজ শুরু করা হবে। তিনি আরও জানান যে, স্থানীয় প্রকৌশল দপ্তরের আওতায় রাস্তা সৌন্দর্য বর্ধনের জন্য আকচা ইউনিয়ন পরিষদ হতে সালন্দর ইউনিয়নের চেরাডাঙ্গী বাজার পর্যন্ত প্রায় ৫.০০ কিলোমিটার রাস্তা বৃক্ষরোপন প্রকল্প গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পটি অনুমোদনের জন্য এলজিইডি সদর দপ্তর, ঢাকায় প্রেরণ করা হয়েছে। আশা করা যাচ্ছে অল্প কিছু দিনের মধ্যে প্রকল্পটির অনুমোদন পাওয়া যাবে। তিনি আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে গত ০৪মে ২০২৫ তারিখে ৪৬.০০.০০০০.০৬৫.২০. ০০৪.২৩(অংশ-১)-১০৪১ নম্বর স্মারকে ০৪টি প্রকল্পের অনুকূলে ২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা প্রকৌলশী সভায় জানান যে, প্রকল্পগুলো ২০২৪-২০২৫ অর্থ বছরের জুন মাসের মধ্যেই বাস্তবায়ন করতে হবে, তা না হলে বরাদ্দ অর্থ লেপস হয়ে যাবে। যেহেতু এই মুহূর্তে টেন্ডার আহ্বান করে কাজ বাস্তবায়নের যতেষ্ট সময় নেই, সেহেতু প্রকল্পগুলো পিপিআর-২০০৮ অনুয়ায়ী কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত ২৫.০০ (পঁচিশ লক্ষ) টাকার অনুকূলে উল্লেখিত প্রকল্পগুলো আরএফকিউ/কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২শাখা হতে গত ২৮ মে ২০২৫ তারিখে চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত পরিচালনা বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় অন্যান্যভবন ও স্থাপনা উপখাতে অত্র উপজেলার ০৪টি ইউনিয়নের (আখানগর, বড়গাঁও, চিলারং ও রুহিয়া পশ্চিম) অনুকূলে ১০.০০ লক্ষ করে ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এই বরাদ্দকৃত অর্থ জুন ২০২৫ এর মধ্যে সম্পন্ন করতে হবে তা না হলে বরাদ্দকৃত অর্থ লেপস্ হয়ে যাবে। যেহেতু এই মুহূর্তে টেন্ডার আহ্বান করে কাজ বাস্তবায়নের যতেষ্ট সময় নেই, সেহেতু প্রকল্পগুলো পিপিআর-২০০৮ অনুয়ায়ী কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত ৪০.০০ (চল্লিশ লক্ষ) টাকার অনুকূলে উল্লেখিত ০৪টি ইউনিয়ন পরিষদের মেরামত কাজ আরএফকিউ/কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। তিনি আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি(ADP) প্রকল্পের আওতায় মোট ১৭৮৪১০০০/- (এক কোটি আটাত্তর লক্ষ একচল্লিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। বার্ষিক উন্নয়ন কর্মসূচির নীতিমালা মোতাবেক বরাদ্দকৃত অর্থের ৫% হারে ৮৯২০৫/- আনুষাঙ্গিক খাতে ব্যয় করা যাবে। তিনি ৫% হিসেবে প্রাপ্ত অর্থ আনুষাংগিক খাতে ব্যয় করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব নিয়ে সভায় | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত ২৫.০০ (পঁচিশ লক্ষ) টাকার অনুকূলে উল্লেখিত প্রকল্পগুলো আরএফকিউ/কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৩। সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত ৪০.০০ (চল্লিশ লক্ষ) টাকার অনুকূলে উল্লেখিত ০৪টি ইউনিয়ন পরিষদের মেরামত কাজ আরএফকিউ/কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৪। সভায় বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির নীতিমালা মোতাবেক বরাদ্দকৃত অর্থের ৫% হারে ৮৯২০৫/- আনুষাঙ্গিক খাতে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| | বিস্তারিত আলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির নীতিমালা মোতাবেক বরাদ্দকৃত অর্থের ৫% হারে ৮৯২০৫/- আনুষাঙ্গকি খাতে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | | |
| ০৪ | <u>উপজেলা কৃষি অফিস</u><br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান মাঠে নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলায় প্রণোদনার রোপা আমন ধানের বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। উপজেলায় সারের বর্তমান অবস্থা স্থিতিশীলতা ও পর্যাপ্ত সার মজুদ রয়েছে। বোরো ধান কর্তন প্রায় শেষ পর্যায়ে। আউশ ধান মাঠে দন্ডমান রয়েছে। তিনি আরও জানান বর্তমান সময়ে ঝড় ও শীলা বৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকলে কৃষকদের সতর্ক করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | <u>প্রকল্প বাস্তবায়ন দপ্তর :</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে ভিজিএফর এর ডিও প্রদান করা হয়েছে। এই ভিজিএফ চাল আগামী ০৪/০৬/২০২৫ তারিখের মধ্যে বিতরণের নির্দেশনা রয়েছে। সেই মোতাবেক ভিজিএফ চালের ডিও নিয়ে চাল উত্তোলন করে নির্ধারিত সময়ের মধ্যে ইউনিয়নের দুস্থ, অসহায় ব্যক্তিদের বিতরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি জানান টিআর কাবিখার অনুকূলে বরাদ্দকৃত অর্থ ইতোমধ্যে প্রতিটি ইউনিয়নে বিভাজন করে দেয়া হয়েছে। ইতোমধ্যে জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় কার্যালয় হতে দাখিলকৃত তালিকা অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে ৩য় পর্যায়ে বরাদ্দকৃত অর্থ বিভাজন করা হয়েছে। ৩য় পর্যায়ের আগামী ১০ জুন ২০২৫ তারিখের মধ্যে শেষ করতে হবে। কাজ শেষ করে বিল দাখিল করতে হবে। এবার অগ্রিম কোন বিল প্রদান করার সুযোগ নেই। তিনি নির্ধারিত তারিখের মধ্যে দাখিলকৃত প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের আলোচনাকালে সভাপতি মহোদয় জানান যে, অতিদরিদ্রদের কর্মসৃজন কর্মসূচি নিয়ে যে সমস্যা সৃষ্টি হয়েছে তা উপস্থাপন করার জন্য প্যানেল চেয়ারম্যান গড়েয়াকে উপস্থাপন করার জন্য বলা হলে প্যানেল চেয়ারম্যান গড়েয়া ইউপি সভায় জানান যে, অতিদরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসুচির তালিকা প্রস্তুত করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরে প্রেরণের জন্য বার বার তাগিদ প্রদান করা হলে আমরা পরিষদের সভায় আহ্বান করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত ক্রমে বিভিন্ন রাজনৈতিক দলকে ৫০টি নামের তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয় । কিন্তু তারা আমাদের উপরে তারা খরব দারি করছে। গড়েয়া ইউনিয়ন বিএনপি দল ৪৪টি তালিকা প্রদান করছেন এবং জামায়েতে ইসলামী দল ২৫টি নামের তালিকা প্রদান করেছেন। তার মধ্যে জামায়েতে ইসলামী দল যাচাই বাছাই করে ১৮টি নামের তালিকা এবং বিএনপি ৪২টি নামের তালিকা প্রদান করেছেন। ৩০% হিসেবে তারা পাচ্ছেন ৫৪টি নাম। আমরা তাদের ৫০টি নামের তালিকা প্রদান করার জন্য অনুরোধ করছি কিন্তু তারা তাদের সিদ্ধান্তে অটল রয়েছে। দুই দলকে তাদের চাহিদা মোতাবেক দিতে হবে। সভাপতি সাহেব জানান যে, ইউনিয়ন পরিষদের সিদ্ধান্ত হচ্ছে চূড়ান্ত সিদ্ধান্ত। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৬ | <u>শিক্ষা বিভাগ :</u><br>উপজেলা শিক্ষা অফিসার জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। শিক্ষা বিভাগের আলোচনাকালে চেয়ারম্যান, ২২নং সেনুয়া ইউপি জানান যে, তাঁর ইউনিয়নে মোট ছয়টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এই প্রাথমিক বিদ্যালয়গুলো শিক্ষকগণ নিয়মিতভাবে পাঠদান দিচ্ছেন না। বর্তমানে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এখন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছেড়ে ডোমিনো স্কুলে ভর্তি হচ্ছে। আপনার দপ্তরের তদারকির অভাবে এমনটা হচ্ছে মর্মে প্রতিয়মান হচ্ছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো বপ্রাথমিক বিদ্যালয়গুলো নিয়মিত ভাবে পরিদর্শন করা হচ্ছে না। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার অবগত আছেন কি না জানতে চাইলে, উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তার দপ্তরে সহকারি শিক্ষা অফিসারের মঞ্জুরীকৃত পদ হচ্ছে ১৩(তের)টি কিন্তু বর্তমানে কর্মরত আছে মাত্র ০৪(চার) জন। জনবল কম হওয়ার কারণে এমনটা হয়ে থাকতে পারে। যেহেতু চেয়ারম্যান সাহেব বিষয়টি সভায় উপস্থাপন করেছেন সেহেতু এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ও সংশ্লিষ্ট সকল। |
| ০৭ | <u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান এ মাসে খাবার বড়ি গ্রহীতা মোট ৪৯৮৪৮ জন, কনডম গ্রহীতা ৭৫৪২ জন, ইনজেকটেবলস গ্রহীতা ২৫৭০৫ জন, আইইউডি ১০ জন, ইমপ্লানন ১৯ জন কে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মোট ৩৮টি নরমাল ডেলিভারী, ১০টি সিজার সম্পন্ন হয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ১৩টি মধ্যে ০৪টি কেন্দ্রে সীমানা প্রাচীর বেষ্টিত। বাকী ০৯টি কেন্দ্র অরক্ষিত অবস্থায় রয়েছে। যার ফলে সেবাদান কার্যক্রম ব্যহত হচ্ছে। আবার ফাঁকা জায়গায় বাহিরের স্থানীয় জনগণ বিভিন্নভাবে ব্যবহার করছে। এজন্য সীমানা প্রাচীর নির্মাণ করা অতীব জরুরী প্রয়োজন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৮ | <u>মৎস্য বিভাগ :</u><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান মৎস্য দপ্তর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জাল দিয়ে যেন কেউ মাছ ধরতে না পারে সেজন্য অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। গত | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ০৭/০৫/২০২৫ তারিখে ঠাকুরগাঁও সদর উপজেলাধীন টাঙ্গন নদী, বটতলী, কালুক্ষেত্র, সেনুয়া নদী ও কাজী ফার্ম এলাকায় অভিযান চালিয়ে ২২টি চায়না দুয়ারী জাল জব্দ করা হয়েছে, জব্দকৃত জালগুলো উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও মহোদয়ের উপস্থিতিতে ধ্বংস করা হয়। গত ০২/০৬/২০২৫ খ্রি. তারিখে টাঙ্গন নদী, সেনুয়া নদী, শ্রীকৃষ্টপুর এবং ফেরসাডাঙ্গী সংলগ্ন দক্ষিণ বালুবাড়ী এলাকায় অভিযান চালিয়ে ১০টি চায়না দুয়ারী জাল ও ০২টি কারেন্ট জাল জব্দ করে ধ্বংস করা হয়েছে। আবার ০৩/০৬/২০২৫ তারিখে টাঙ্গন নদী, বটতলী ও কালুক্ষেত্র সংলগ্ন জলাশয়ে অভিযান চালিয়ে ০৯টি চায়না দুয়ারী জাল জব্দ করা হয়। তিনি আরও জানান যে, অত্র দপ্তরে রাজস্ব খাতের আওতায় বাস্তবায়িত ০৩টি বিল নার্সারী কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য অভয়াশ্রমগুলোতে যেন কেউ মৎস্য শিকার করতে না পারে সেজন্য অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। | | |
| ০৯ | <u>প্রাণী সম্পদ বিভাগ:</u><br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা/ উপজেলা নির্বাহী অফিসার। |
| ১০ | <u>সমাজসেবা বিভাগ :</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান বয়স্ক, বিধবাভাতা এবং প্রতিবন্ধিভাতার প্রতিস্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | <u>খাদ্য বিভাগ :</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার দপ্তরে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সকল ইউপি চেয়ারম্যান। |
| ১২ | <u>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তর :</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৩ | <u>পরিসংখ্যান অফিস :</u><br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ১৪ | <u>সমবায় অফিস :</u><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | <u>মহিলা বিষয়ক দপ্তর:</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | <u>যুব উন্নয়ন অফিসার</u><br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কাজক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৭ | <u>নির্বাচন বিভাগ:</u><br>উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থেকে দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৮ | <u>বন বিভাগ</u><br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলায় লাইসেন্স বিহীন করাতকল উচ্ছেদ করা প্রয়োজন। ইতোমধ্যে লাইসেন্স বিহীন করাতকলগুলো লাইসেন্স গ্রহণের জন্য অত্র দপ্তর হতে পত্র প্রদান করা হয়েছে। তিনি লাইসেন্স বিহীন করাতকলগুলোতে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | দাপ্তরিক কর্মকান্ডের প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা বন বিভাগ |
| ১৯ | <u>জনস্বাস্থ্য বিভাগ</u><br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২০ | <u>আনসার ভিডিপি অফিস</u><br>উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার-ভিডিপি অফিসার |
| ২১ | <u>পল্লী উন্নয়ন বিভাগ :</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান উক্ত দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ২২ | বিএমডিএ<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৩ | বিবিধঃ<br>ক) প্যানেল চেয়ারম্যান, ০৬নং আউলিয়াপুর ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের গ্রামপুলিশের পদ শুন্য রয়েছে। ফলে উক্ত ওয়ার্ডের আইনশৃঙ্খলাসহ সরকারি বিভিন্ন কাজে ব্যহত হচ্ছে। তিনি জরুরী ভিত্তিতে তার ইউনিয়নের গ্রামপুলিশের শূন্যপদ পূরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>খ) প্যানেল চেয়ারম্যান, ০৭নং চিলারং ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের গ্রামুলিশ(মহল্লাদার) জনাব সলিম উদ্দীন সরকারি নিয়ম অনুযায়ী ৫৯ বছর পূর্তি হওয়ায় প্রায় ছয় মাস আগে অবসর গ্রহণ করেছেন। উক্ত ওয়ার্ডের গ্রামপুলিশের মহল্লাদার পদটি শুন্য থাকার কারণে ওয়ার্ডের আইনশৃঙ্খলাসহ সরকারি বিভিন্ন কাজে ব্যহত হচ্ছে। তিনি জরুরী ভিত্তিতে তার ইউনিয়নের গ্রামপুলিশের শূন্যপদ পূরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>গ) চেয়ারম্যান, ০৮নং রহিমানপুর ইউপি সভায় জানান যে, ভিজিডি কার্যক্রমে সার্ভারের কারণে অনলাইনে আপলোড করা সমস্যা হচ্ছে। ভিজিডি কার্যক্রম অনলাইনে আবেদনের মধ্য দিয়ে দ্রুত শুরু করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>ঘ) চেয়ারম্যান, ১২নং সালন্দর ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের গণঅধিকার পরিষদের প্রতিনিধিগণ এসেছেন। তারা বলেছেন তাদেরকে ভিজিএফ চাল দিতে হবে মর্মে আবেদন করেছেন। ইতোমধ্যে জাতীয়তাবাদী দল বিএনপি কে কিছু নামের তালিকা প্রদানের বলা হয়েছে। তারা যেন জামায়েতে ইসলামীসহ দুই দল মিলে তালিকা প্রদান করেন। কিন্তু সালন্দর ইউনিয়নের বিএনপি তারা জামায়েতে কোন ভাগ দিবেন মর্মে তাদের মধ্যে বাক বিতর্ক চলছে। এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের নির্দেশনা কামনা করেন। সভাপতি মহোদয় জানান যে, আপনার কাছে যেই ভিজিএফ চালের জন্য আসুক তারা যেই হোক না কেন আগে দেখেন তারা গরীব, দুঃস্থ ব্যক্তি কি না। যদি গরীব ও দুঃস্থ হয় তাহলে তাকেই আপনি ভিজিএফ এর চাল প্রদান করবেন। তিনি আরও জানান যে, প্রতিটি ইউনিয়নের এক কিলোমিটার রাস্তা সৌন্দর্য বোর্ধন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সেই নির্দেশনা মোতাবেক উপজেলা প্রকৌলশী অত্র ইউনিয়নের একটি রাস্তা নির্ধারণ করছেন। যেটি ইতোমধ্যে পাকাকরণ করা হয়েছে। তবে এক কিলোমিটারের মত রাস্তা পাকাকরণ বাকির রয়েছে। তিনি অবশিষ্ট এক কিলোমিটার রাস্তা পাকাকরণের জন্য সভাপতি মহোদয়সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>ঙ) প্যানেল চেয়ারম্যান, ১৩নং গড়েয়া ইউপি জানান যে, তার ইউনিয়নের তার ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের গ্রামপুলিশ মহল্লাদার জনাব শংকর চন্দ্র বর্মন গত ২০২০ সাল হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে। ইতোমধ্যে জনাব শংকর চন্দ্র বর্মন, গ্রামপুলিশ(মহল্লাদার)কে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কার্যালয় হতে দুই থেকে তিন বার কারণ দর্শানো পত্র প্রদান করা হয়েছে। কারণ দর্শানো পত্র প্রাপ্তির পরও তিনি কোন সন্তোষজনক জবাব দাখিল করেন নাই। তার অনুপস্থিতির কারণে উক্ত ওয়ার্ডের জন্ম নিবন্ধণসহ সরকারী বিভিন্ন কাজে সমস্যা হচ্ছে। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে এবং সরকারি কাজের সুবিধার্থে জরুরী ভিত্তিতে জনাব শংকর চন্দ্র বর্মন-কে গ্রামপুলিম(মহল্লাদার) পদ হতে চূড়ান্ত ভাবে বরখাস্ত করে, তার স্থলে নতুন করে একজন গ্রামপুলিশ(মহল্লাদার) নিয়োগ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>চ) প্যানেল চেয়ারম্যান, ১৪নং রাজাগাঁও ইউপি সভায় জানান যে, একজন মহল্লাদার গত ০১/১০/২০২৪ তারিখের মৃত্যুবরণ করায় গ্রামপুলিশের পদটি শূণ্য রয়েছে। তিনি জরুরী ভিত্তিতে গ্রামপুলিশের শূন্য পদ পুরণের জন্য অনুরোধ জানান।<br>ছ) প্যানেল চেয়ারম্যান, ১৬নং নারগুন ইউপি সভায় জানান যে, তার ০৪নং ওয়ার্ডের গ্রামপুলিশ গত ১৬/০১/২০২৫ তারিখের মৃত্যুবরণ করায় গ্রামপুলিশের পদটি শূণ্য রয়েছে। তিনি জরুরী ভিত্তিতে গ্রামপুলিশের শূন্য পদ পুরণের জন্য অনুরোধ জানান।<br>জ) চেয়ারম্যান ২২নং সেনুয়া ইউপি সভায় জানান নির্বাচিত হওয়ার ৬(ছয়) মাস পর চৌধুরী হাট হতে মঙ্গলু মার্কেট যাওয়ার রাস্তা সৌন্দর্য বর্ধণের জন্য ইতোমধ্যে গত সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্র ইউনিয়নের এক কিলোমিটার রাস্তায় সৌন্দর্য বর্ধণের জন্য গাছ রোপন করা হয়েছে কিন্তু সমস্যা হচ্ছে এটা কিভাবে রক্ষণাবেক্ষণ নিয়ে। ইতোমধ্যে প্রতিটি গাছে ফুল ফুটেছে, জনগণ এর সুফল পাচ্ছে। এই গাছগুলো থেকে মানুষ ফুল তুলে নিয়ে যাচ্ছে। গাছগুলো রক্ষণাবেক্ষণের জন্য বেড়া দেয়ার প্রয়োজন। তিনি প্রতিটি ইউনিয়নের নির্ধারিত ১কিলোমিটার রাস্তায় সৌন্দর্য বর্ধণ রক্ষার্থে উপজেলা পরিষদ হতে একটি বিশেষ প্রকল্প গ্রহণ করে গাছগুলো বেড়া দেয়ার প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতে ২.০০ (দুই লক্ষ) দ্বারা প্রস্তাবিত প্রকল্পটি উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার। |

৩। উপজেলা রাজস্ব তহবিলের আয়-ব্যয় অনুমোদন :

ব্যয় : আলোচ্য সময়ে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত অর্থের নিম্নরূপ বিবরণী সভায় উপস্থাপন করা হয়: -

| ক্রম | গ্রহণকারীর নাম | বিবরণ | চেক নং | তারিখ | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আলিউল ইসলাম, নৈশ প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদ অডিটরিয়ামের ৭৩পিস সোফার কাপড় ধৌলাই ও আয়রণের বিল প্রদান | ৯১৭৫০৯৮ | ২২/০৪/২০২৫ | ২৯২০.০০ |
| ০২ | জনাব মোঃ আসাদুজ্জামান, লিংক-৩, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ইন্টারন্টে প্যাকেট-২২ এমবিপিএস এর মাসিক বিল ও সার্ভিসিংয়ের বিল প্রদান। | ৯১৭৫০৯৯ | ২২/০৪/২০২৫ | ১৯৫০.০০ |
| ০৩ | জনাব মোঃ রাজু, ম্যানেজার, গাওসিয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট, চৌরাস্তা, ঠাকুরগাঁও | এপ্রিল/২০২৫ মাসের বিভিন্ন সভায় আপ্যায়নের জন্য ১০০ প্যাকেট নাস্তা সরবরাহের বিল প্রদান। | ৯১৭৫১০০ | ২৯/০৪/২০২৫ | ৫৪০০.০০ |
| ০৪ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫১০১ | ২৯/০৪/২০২৫ | ৬০০.০০ |
| ০৫ | জনাব মোঃ রাজু আহমেদ, ম্যানেজার, গাওসিয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট, চৌরাস্তা, ঠাকুরগাঁও | এপ্রিল/২০২৫ মাসের বিভিন্ন সভায় ১০০ প্যাকেট দুপুরের সুরবরাহের বিল প্রদান। | ৯১৭৫১০২ | ২৯/০৪/২০২৫ | ২৭০০০.০০ |
| ০৬ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫১০৩ | ২৯/০৪/২০২৫ | ৩০০০.০০ |
| ০৭ | আশরাফুল আলম, সাধারণ সম্পাদক, মনোসৃজনী, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | বাংলা নববর্ষ ১৪৩২ উপযাপনের জন্য আর্থিক অনুদান প্রদান। | ৯১৭৫১০৪ | ২৯/০৪/২০২৫ | ৫০০০০.০০ |
| ০৮ | সৈয়দ শিহাব, সাধারণ সম্পাদক, প্রথম আলো বন্ধসভা, ঠাকুরগাঁও | সংগঠনের সামাজিক মূলক কার্যক্রম গ্রহণের জন্য আর্থিক অনুদান প্রদান। | ৯১৭৫১০৫ | ২৯/০৪/২০২৫ | ২০০০০.০০ |
| ০৯ | জনাব মোঃ হাসমত আলী, পিতা–মৃত ইব্রাহিম,গ্রাম– জগন্নাথপুর আর্দশকলোনী, জগন্নাথপুর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান। | ৯১৭৫১০৬ | ২৯/০৪/২০২৫ | ৩০০০.০০ |
| ১০ | জনাব মোঃ বেলাল হোসেন, পিতা–মৃত মফিজ উদ্দীন, গ্রাম– হাজীপাড়া, ঠাকুরগাঁও পৌরসভা, ঠাকুরগাঁও | সন্তানের পড়ালেখা ও বইপত্র ক্রয়ের জন্য আর্থিক সাহায্য প্রদান। | ৯১৭৫১০৭ | ২৯/০৪/২০২৫ | ৫০০০.০০ |
| ১১ | জনাব মোঃ রবিউল ইসলাম, মালি, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের অভ্যন্তরের পুকুরে পানি ঢুকানোর মুজুরীর বিল প্রদান। | ৯১৭৫১০৮ | ২৯/০৪/২০২৫ | ৪৫৯০.০০ |
| ১২ | জনাব মোঃ রফিকুল ইসলাম, সার্টিফিকেট সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসারের অফিসের ভিজিটিং কার্ড তৈরীর বিল প্রদান। | ৯১৭৫১০৯ | ২৯/০৪/২০২৫ | ২২৫০০.০০ |
| ১৩ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫১১০ | ২৯/০৪/২০২৫ | ২৫০০.০০ |
| ১৪ | জনাব মোঃ ফাহিম হোসেন, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য জায়নামাজ ক্রয়ের বিল প্রদান। | ৯৬৮৯৭০১ | ২৯/০৪/২০২৫ | ৯৫০.০০ |
| ১৫ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭০২ | ২৯/০৪/২০২৫ | ৯৫.০০ |
| ১৬ | জনাব মোঃ রাজু আহমেদ, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭০৩ | ০৪/০৫/২০২৫ | ১৫০০০.০০ |
| ১৭ | জনাব মোঃ রবিউল ইসলাম, মালী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭০৪ | ০৪/০৫/২০২৫ | ১৪০০০.০০ |
| ১৮ | জনাব মোঃ নজরুল ইসলাম, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭০৫ | ০৪/০৫/২০২৫ | ১৪০০০.০০ |
| ১৯ | জনাব মোঃ জ্যাপান, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭০৬ | ০৪/০৫/২০২৫ | ১৪০০০.০০ |
| ২০ | জনাব মোঃ আলিউল ইসলাম, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭০৭ | ০৪/০৫/২০২৫ | ১৪০০০.০০ |
| ২১ | জনাব মোঃ ইসমাইল হোসেন, কেয়ারটেকার, বলাকা উদ্যান, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭০৮ | ০৪/০৫/২০২৫ | ১৪০০০.০০ |
| ২২ | জনাব মোঃ আলমগীর হোসেন, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭০৯ | ০৪/০৫/২০২৫ | ১৪০০০.০০ |
| ২৩ | জনাব রঞ্জন চন্দ্র দাস, হলরুম কেয়ারটেকার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭১০ | ০৪/০৫/২০২৫ | ৯০০০.০০ |
| ২৪ | জনাব মোঃ রুবেল ইসলাম, জীপগাড়ী ক্লিনার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭১১ | ০৪/০৫/২০২৫ | ৯০০০.০০ |
| ২৫ | জনাব রতন কুমার সাহা, হলরুম কেয়ারটেকার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭১২ | ০৪/০৫/২০২৫ | ৯০০০.০০ |
| ২৬ | জনাব বিপুল চন্দ্র দাস, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭১৩ | ০৪/০৫/২০২৫ | ১৪০০০.০০ |
| ২৭ | জনাব রুমা রাণী, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭১৪ | ০৪/০৫/২০২৫ | ৯০০০.০০ |
| ২৮ | জনাব মোঃ পারভেজ হাসান, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯৬৮৯৭১৫ | ০৪/০৫/২০২৫ | ৯০০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৯ | জনাব মোঃ আরমান আলী, প্রোঃ মেসার্স অপসরা স্যানেটার এন্ড টাইলস্ কর্ণার, উপজেলা পরিষদ মার্কেট, ঠাকুরগাঁও সদর। | উপজেলা পরিষদের বিভিন্ন পানির লাইনের মালামাল সরবরাহ ও দক্ষ মিস্ত্রির মজুরী প্রদান। | ৯৬৮৯৭১৬ | ০৪/০৫/২০২৫ | ২২৫০০.০০ |
| ৩০ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭১৭ | ০৪/০৫/২০২৫ | ২৫০০.০০ |
| ৩১ | জনাব বিপ্লব চন্দ্র রায়, উপ-সহকারী উদ্যান, কর্মকর্তা, হর্টিকালচার, ঠাকুরগাঁও ও প্রকল্প চেয়ারম্যান। | অফিসার্স ক্লাব কাম ইনডোর স্টেডিয়াম সংস্কার করণ প্রকল্পের চূড়ান্ত বিল প্রদান। | ৯৬৮৯৭১৮ | ০৬/০৫/২০২৫ | ১৭১০০০.০০ |
| ৩২ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী প্রকল্পের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭১৯ | ০৬/০৫/২০২৫ | ১৫০০০.০০ |
| ৩৩ | আয়কর কোড ১/১১৪১/০০৬৫/০১১১ | পূর্ববর্তী প্রকল্পের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭২০ | ০৬/০৫/২০২৫ | ১৪০০০.০০ |
| ৩৪ | গ্রামপুলিশের বেতন ভাতা সংক্রান্ত তহবিল চলতি হিসাব নম্বর ০১০০২৬০৯৫৩১৯৭, জনতা ব্যাংক, ঠাকুরগাঁও শাখায় | ২২টি ইউনিয়ন পরিষদে কর্মরত গ্রামপুলিশগণের এপ্রিল/২০২৫মাসের বেতন-ভাতা প্রদানের জন্য স্থানান্তর করণ। | ৯৬৮৯৭২১ | ০৭/০৫/২০২৫ | ৯৪৫৬০০.০০ |
| ৩৫ | জনাব মোঃ গোলাম কাদের, প্রোঃ এম.জি.কে মেটালিক, শেরপুর রোড, কলোনী বগুড়া । | অনারবোর্ডের ০৩টি পিতলের খোদাই করা মনোগ্রাম, পিতলের পাতের ক্রমিক, নাম, হইতে এবং পর্যন্ত লেখাইকরে সরবরাহের বিল প্রদান। | ৯৬৮৯৭২২ | ০৭/০৫/২০২৫ | ৩০০০.০০ |
| ৩৬ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭২৩ | ০৭/০৫/২০২৫ | ৩০০.০০ |
| ৩৭ | জনাব কালি চরণ রায়, হিসাব সহকারী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদের জন্য ঘাস কাটা মেশিন ক্রয়ের বিল প্রদান। | ৯৬৮৯৭২৪ | ০৭/০৫/২০২৫ | ১৫২০.০০ |
| ৩৮ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭২৫ | ০৭/০৫/২০২৫ | ১৫২.০০ |
| ৩৯ | সায়েমা পারভীন বেরিন, পিতা- মিস্টার সামসাদ, মুন্সিপাড়া, ঠাকুরগাঁও। | পিতার চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান। | ৯৬৮৯৭২৬ | ০৮/০৫/২০২৫ | ৫০০০.০০ |
| ৪০ | জনাব মোঃ হারুন অর রশিদ, দোকানদার উপজেলা পরিষদ জামে মসজিদ মার্কেট, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | এপ্রিল/২০২৫ মাসে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে কর্মরত আনসার সদস্যদের জন্য ০৩টি গ্যাসের সিলিন্ডার সরবরাহের বিল প্রদান। | ৯৬৮৯৭২৭ | ১৯/০৫/২০২৫ | ৪৬১৭.০০ |
| ৪১ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭২৮ | ১৯/০৫/২০২৫ | ৫১৩.০০ |
| ৪২ | জনাব মোঃ গোলাম কাদের, প্রোঃ এম.জি.কে মেটালিক, শেরপুর রোড, কলোনী বগুড়া। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এস এস নেমপ্লেট নাম খোদাই করা ও প্রিন্ট করে সরবরাহের বিল প্রদান। | ৯৬৮৯৭২৯ | ১৯/০৫/২০২৫ | ১২০০০.০০ |
| ৪৩ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭৩০ | ১৯/০৫/২০২৫ | ১২০০.০০ |
| ৪৪ | জনাব মোঃ ফারাজুল ইসলাম শুভ, প্রোঃ শুভ নেট, বঙ্গবন্ধু সড়ক, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ইন্টারনেট প্যাকেজ-৬০ এমবিপিএস এর মাসিক বিল ও কানেকশন চার্জের বিল প্রদান। | ৯৬৮৯৭৩১ | ১৯/০৫/২০২৫ | ২২৫৯.০০ |
| ৪৫ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭৩২ | ১৯/০৫/২০২৫ | ২৫১.০০ |
| ৪৬ | মোঃ ফাহিম হোসেন,অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের অভ্যন্তরে লিচু বাগানের রাসায়নিক সার ও বিভিন্ন কীটনাশক ক্রয় এবং লিচু বাগানের কীটনাশক স্প্রে এর মজুরীসহ বিল প্রদান। | ৯৬৮৯৭৩৩ | ২০/০৫/২০২৫ | ২১১০৯.০০ |
| ৪৭ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭৩৪ | ২০/০৫/২০২৫ | ১৬৭৯.০০ |
| ৪৮ | জনাব মোঃ নুরনবী, সংবাদ বিতরণী, ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদে এপ্রিল/২০২৫ মাসের পত্রিকা বিল প্রদান। | ৯৬৮৯৭৩৫ | ২০/০৫/২০২৫ | ৬২৬.০০ |
| ৪৯ | জনাব মোঃ খাইরুল ইসলাম রোমান, আহ্বায়ক, সুবর্ণ জয়ন্তী আয়োজক কমিটি | ঠাকুরগাঁও রিভার ভিউ উচ্চ বিদ্যালয় সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আর্থিক সহযোগিতা প্রদান। | ৯৬৮৯৭৩৬ | ২৫/০৫/২০২৫ | ৭০০০.০০ |
| ৫০ | জনাব জিয়াউর রহমান বকুল, সভাপতি, ঠাকুরগাঁও | গণমাধ্যমকর্মী কল্যাণ ট্রাস্ট, অস্থায়ী কার্যালয়, ফাড়াবাড়ী, ভূল্লী বাজার, সদর, ঠাকুরগাঁও আর্থিক সহায়তা প্রদান। | ৯৬৮৯৭৩৭ | ২৫/০৫/২০২৫ | ১০০০০.০০ |
| ৫১ | জনাব মোঃ আতাউর রহমান, সংবাদকর্মী, নিউজনেট ২৪ বিডি.কম. ঠাকুরগাঁও। | নিউজনেট ২৪ বিডি.কম. ঠাকুরগাঁও অস্থায়ী কার্যালয়, শিবগঞ্জ, সদর, ঠাকুরগাঁও আর্থিক সহায়তা প্রদান। | ৯৬৮৯৭৩৮ | ২৫/০৫/২০২৫ | ৫০০০.০০ |
| ৫২ | মোছাঃ হামিদা খাতুন, স্বামী-মৃত সুলতান আলী, আউলিয়াপুর ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | গ্রামপুলিশ(মহল্লাদার) হিসেবে কর্মরত থাকা অবস্থায় মৃত্যুবরণ করায় স্বামীর ইউপি অংশের এককালীন আনুতোষিক ভাতা প্রদান। | ৯৬৮৯৭৩৯ | ২৭/০৫/২০২৫ | ২৫০০০.০০ |
| ৫৩ | জনাব জামিনি দেবনাথ, অবসরপ্রাপ্ত গ্রামপুলিশ (দফাদার), ১৮নং শুখানপুখুরী ইউপি, ঠাকুরগাঁও সদর। | সরকারি বিধি মোতাবেক অবসরগ্রহণ করায় ইউপি অংশের এককালীন আনুতোষিক ভাতা প্রদান। | ৯৬৮৯৭৪০ | ২৭/০৫/২০২৫ | ৩০০০০.০০ |
| ৫৪ | অলকা রাণী, স্বামী-মৃত মলিন চন্দ্র রায়, আউলিয়াপুর ইউপি, ঠাকুরগাঁও সদর। | গ্রামপুলিশ(মহল্লাদার) হিসেবে কর্মরত থাকা অবস্থায় মৃত্যুবরণ করায় স্বামীর ইউপি অংশের এককালীন আনুতোষিক ভাতা প্রদান। | ৯৬৮৯৭৪১ | ২৭/০৫/২০২৫ | ২৫০০০.০০ |
| ৫৫ | বৈশাগী রাণী, স্বামী-মৃত মহেন্দ্র নাথ বর্মণ, রাজাগাঁও ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | গ্রামপুলিশ(মহল্লাদার) হিসেবে কর্মরত থাকা অবস্থায় মৃত্যুবরণ করায় স্বামীর ইউপি অংশের এককালীন আনুতোষিক ভাতা প্রদান। | ৯৬৮৯৭৪২ | ২৭/০৫/২০২৫ | ২৫০০০.০০ |
| ৫৬ | সুজন দেবনাথ, স্যানেটারী মিস্ত্রী, বরুণাগাঁও, সদর, ঠাকুরগাঁও। | উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও মহোদয়ের বাসভবনের জন্য স্যানেটারি মালামাল ও ফলার্স সিলিং ফিটিং এর মিস্ত্রি মজুরীর বিল প্রদান। | ৯৬৮৯৭৪৩ | ২৭/০৫/২০২৫ | ৭০০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫৭ | সুজন দেবনাথ, স্যানেটারী মিস্ত্রী, বরুণাগাঁও, সদর, ঠাকুরগাঁও। | উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও মহোদয়ের বাসভবনের জন্য স্যানেটারি মালামাল ও ফলার্স সিলিং মালামাল ক্রয়ের বিল প্রদান। | ৯৬৮৯৭৪৪ | ২৭/০৫/২০২৫ | ২২৫০০.০০ |
| ৫৮ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭৪৫ | ২৭/০৫/২০২৫ | ২৫০০.০০ |
| ৫৯ | জনাব মোঃ আমিনুল ইসলাম সোহাগ, প্রাক্তন ছাত্র, ঠাকুরগাঁও রিভার ভিউ উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও। | ঠাকুরগাঁও রিভার ভিউ উচ্চ বিদ্যালয়ে আগামী ১০/০৬/২০২৫ তারিখে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ব্যয় নির্বাহে জন্য আর্থিক সহযোগিতা প্রদান। | ৯৬৮৯৭৪৬ | ২৮/০৫/২০২৫ | ১৩০০০.০০ |
| ৬০ | সৈয়দ শিহাব, সাধারণ সম্পাদক, প্রথম আলো বন্ধসভা, ঠাকুরগাঁও | সংগঠনের সামাজিক মূলক কার্যক্রম হিসেবে বিভিন্ন গাছে গাছে পাখিদের জন্য নিরাপদ বাসস্থান হিসেবে মাটির কলসি স্থাপনের জন্য আর্থিক অনুদান প্রদান। | ৯৬৮৯৭৪৭ | ২৮/০৫/২০২৫ | ১০০০০.০০ |
| ৬১ | জনাব মোঃ রবিউল ইসলাম, মালী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বৈদ্যুতিক কাজের মিস্ত্রি মজুরীর বিল প্রদান। | ৯৬৮৯৭৪৮ | ২৮/০৫/২০২৫ | ১০৫৫.০০ |
| ৬২ | গ্রামপুলিশের বেতন ভাতা সংক্রান্ত তহবিল চলতি হিসাব নম্বর ০১০০২৬০৯৫৩১৯৭, জনতা ব্যাংক, ঠাকুরগাঁও শাখা। | অত্র উপজেলায় ২২টি ইউনিয়ন পরিষদে কর্মরত ২১১ জন গ্রামপুলিশের ইউপি অংশের মে/২০২৫ মাসের বেতন, ঈদ-উল-আযহার উৎসবভাতা এবং সংশ্লিষ্ট থানায় হাজিরার যাতায়াতভাতা প্রদান। | ৯৬৮৯৭৫০ | ২৯/০৫/২০২৫ | ১৬৩৪৬০০.০০ |
| ৬৩ | জনাব মোঃ রাজু আহমেদ, ম্যানেজার, গোওসিয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট, চৌরাস্তা, ঠাকুরগাঁও | মে/২০২৫ মাসে উপজেলা পরিষদের সভায় নাস্তা সরবরাহের বিল প্রদান। | ৯৬৮৯৭৫১ | ২৯/০৫/২০২৫ | ৪৫০০.০০ |
| ৬৪ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭৫২ | ২৯/০৫/২০২৫ | ৫০০.০০ |
| ৬৫ | জনাব মোঃ সহিদুল ইসলাম, ম্যানেজার, কালাম'স কিচেন সুইটস্ এন্ড রেষ্টুরেন্ট, ঠাকুরগাঁও | মে/২০২৫ মাসের সাধারণ সভায় ১০০ প্যাকেট দুপুরের খাবার হিসেবে বিরিয়ানী সরবরাহের বিল প্রদান। | ৯৬৮৯৭৫৩ | ২৯/০৫/২০২৫ | ২২৫০০.০০ |
| ৬৬ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯৬৮৯৭৫৪ | ২৯/০৫/২০২৫ | ২৫০০.০০ |

বর্ণিত ব্যয়গুলোর বিষয়ে সভায় আলোচনা হয়। সার্বিক বিবেচনায় ব্যয়সমূহ যৌক্তিক বিধায় ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়।

## ০৬। প্রশাসক ও সভাপতি

জনাব মোঃ খাইরুল ইসলাম, প্রশাসক ও সভাপতি সভায় জানান যে, আজকের সভায় দীর্ঘ সময় ধরে বিভিন্ন আলোচনা হয়েছে এবং খুবই চমৎকার আলোচনা হয়েছে। ভিজিডি/ভিজিএফ এর কার্ড বিতরণের ক্ষেত্রে অবশ্যই দুঃস্থ অসহায় ব্যক্তিদের প্রদান করতে হবে। সকল প্যানেল চেয়ারম্যানের উদ্দেশ্যে তিনি জানান যে, আপনি একজন জনপ্রতিনিধি। আপনি জনগণের ভোটের মাধ্যমে নির্বাচিত হয়ে এসেছেন। সরকারি নিয়মনীতি মেনে সঠিক ভাবে আপনার দায়িত্ব আপনি পালন করেন। তিনি জানান সামনে জুন মাস। এই জুন/২০২৫ মাসের আগে সরকারভাবে যে সমস্ত দপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে, তা যথাসময়ে ব্যয় করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান, সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

পরিশেষে সকলের সু-স্বাস্থ্য কামনা করে এবং আবারও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

29.05.25

(মোঃ খাইরুল ইসলাম)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
unothakurgaon@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৩.০০১.২৪- ১২২৭ (৫০)    তারিখ: ২৭/০৫/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
৭। ---------------------

27.05.25

(মোঃ খাইরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
মোবাইল-০১৭০৭৪৪৯০৯০